# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্লট-২৩-২৬,রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১০.০০০০.০২৯.০০.২০২০ ৭২৮

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৬
২০ ফেব্রুয়ারি ২০২০

বিষয় ঃ শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় হাম-রুবেলা ক্যাম্পেইন ২০২০ কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র ঃ স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশিক্ষণ-২৩(পার্ট-২)/এমআর-২০২০/২০১৯/১৫৭, তারিখ ২০/০১/২০২০ খ্রিঃ।

১. আগামী ২৯ ফেব্রুয়ারি ২০২০ হতে ২১ মার্চ ২০২০ তিন সপ্তাহ ব্যাপী জাতীয় হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। সারাদেশে ৯ মাস থেকে ১০ বছরের কম বয়সী সকল শিশুকে " হাম-রুবেলা (এমআর) টিকা দেয়া হবে"।

২. ১ম সপ্তাহে (২৯ ফেব্রুয়ারি ২০২০ থেকে ০৫ মার্চ ২০২০) শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে (বিদ্যালয়, কিন্ডার গার্ডেন, মাদ্রাসা, মক্তব, এতিমখানা, শিশু আশ্রম ইত্যাদি) ১০ বছরের কম বয়সী (৪র্থ শ্রেণী বা সমপর্যায়ের) ছাত্র-ছাত্রীদের ১ ডোজ হাম-রুবেলা (এমআর) টিকা প্রদান করা হবে। উল্লেখ্য যে, ছাত্র-ছাত্রী পূর্বে হাম/ হাম-রুবেলা টিকা পেয়ে থাকলেও ক্যাম্পেইনে হাম-রুবেলা টিকা দিতে হবে।

আগামী ১৮/০৩/২০২০ ২০২০ সকাল ৮ টা ৩টা পর্যন্ত আপনার শিক্ষা প্রতিষ্ঠানে ঢাকা উত্তর করপোরেশনের দক্ষ ও প্রশিক্ষিত টিকাদানকর্মী কর্তৃক টিকাদান সেশন পরিচালনা করা হবে। প্রতিটি টীমে ২ জন প্রশিক্ষিত টিকাদানকারী ও ৩ জন স্বেচ্ছাসেবী মোট ৫ জন সদস্য কাজ করবেন।

হাম-রুবেলা (এমআর) টিকাদান ক্যাম্পেইনে উদ্দিষ্ট সকল শিক্ষার্থীর টিকা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে আপনার শিক্ষা প্রতিষ্ঠানে উপরোক্ত সেশন পরিচালনার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলোঃ

- টিকাদান সেশন সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপযুক্ত স্থান ও প্রয়োজনীয় আসবাবপত্র (টেবিল, চেয়ার ইত্যাদি) ব্যবস্থা করা।
- উদ্দিষ্ট শিক্ষার্থীদেরকে সুশৃঙ্খলভাবে টিকাদান নিশ্চিত করার লক্ষ্যে শ্রেণীশিক্ষক/শিক্ষিকার সহযোগিতা করা।
- উদ্দিষ্ট শিক্ষার্থীদের প্রাপ্তি টিকাদান নিশ্চিত করার জন্য পিতামাতা ও অভিভাবকগনকে পূর্বেই অবহিত করা।

আপনার শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠুভাবে টিকাদান ক্যাম্পেইন পরিচালনার লক্ষ্যে সার্বিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হল। হাম রুবেলা (এমআর) ক্যাম্পেইনের যে কোন বিষয়ে জানার জন্য নিম্নলিখিত নাম্বারে যোগাযোগ করার জন্য প্রধান স্বাস্থ্য কর্মকর্তার দপ্তর ফোন নম্বর ৯৮৯৪০৮৯, এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক / প্রিন্সিপাল

..............................

..............................


ব্রি জেনারেল মোঃ মোমিনুর রহমান মামুন ২০.২.২০২০
প্রধান স্বাস্থ্য কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন-৯৮৯৪০৮৯
ই-মেইল- cho.dncc@yahoo.com